# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।

## ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত সময়সূচি ও নির্দেশিকা

**ধাপ ১: পছন্দক্রমের ফরম (Choice Form) পূরণ:** A, B, C, C1, D ও E ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে এবং IBA-JU-তে ভর্তির জন্য **আসন সংখ্যার ১০ গুণের মধ্যে অবস্থানকারী আবেদনকারীকে** নির্ধারিত তারিখের মধ্যে ভর্তির ওয়েবসাইট **academic.juniv.edu** থেকে **Bachelor (Honours)** বাটনে ক্লিক করে অনলাইনে বিষয়ভিত্তিক পছন্দক্রমের ফরম (Choice Form) পূরণ করতে হবে। পছন্দক্রমের ফরম (Choice Form) পূরণ ব্যতীত কাউকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না। শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত পছন্দক্রম পরবর্তীতে কোনো অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। কোনো শিক্ষার্থী যদি অটোমাইগ্রেশনে ইচ্ছুক না হয় তাহলে প্রতি ধাপে ভর্তির পর নিম্নেবর্ণিত সময়সূচি অনুযায়ী অনলাইনে অটোমাইগ্রেশন বন্ধ করতে পারবে। তবে একজন শিক্ষার্থী অটোমাইগ্রেশন প্রক্রিয়া একবার বন্ধ করলে তা আর চালুর সুযোগ থাকবে না। উল্লেখ্য যে, C1 ইউনিট ও IBA-JU -এর ক্ষেত্রে মাইগ্রেশন প্রক্রিয়া প্রযোজ্য হবে না এবং যেসব শিক্ষার্থী তাদের পছন্দক্রমের প্রথম বিষয় পেয়ে যাবে তাদের জন্যও মাইগ্রেশন প্রক্রিয়া প্রযোজ্য হবে না।

**ধাপ ২: অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ:** ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির ওয়েবসাইট **academic.juniv.edu** থেকে **Bachelor (Honours)** বাটনে ক্লিক করে এ সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**ধাপ ৩: ভর্তি নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট কাগজপত্র শিক্ষা শাখায় জমা প্রদান:** ভর্তিকৃত শিক্ষার্থীকে **ডাউনলোডকৃত ফরমের সাথে** এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান-এর **মূল সনদপত্র (যদি থাকে), নম্বরপত্র**, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার হতে সংগৃহীত মেডিক্যাল সনদপত্র প্রত্যেকটির **১ (এক) সেট সত্যায়িত ফটোকপি (ভর্তিকৃত বিভাগ কর্তৃক সত্যায়নপূর্বক)**, **সরকার কর্তৃক অনুমোদিত যে কোনো হাসপাতাল/ডায়াগনস্টিক সেন্টার/ল্যাবরেটরি/ক্লিনিক থেকে ডোপ টেস্টের (অপিয়ড, অ্যামফিটামিন, বেনজোডায়াজিপিন, ক্যানাবিনয়েডস, অ্যালকোহল) রিপোর্ট**, শিক্ষার্থী কর্তৃক অনলাইনে পূরণকৃত বিষয়ভিত্তিক পছন্দক্রমের ফরম (Choice Form) **এবং প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি এবং ডিন-এর মাধ্যমে রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় সশরীরে উপস্থিত** থেকে জমা দিতে হবে। **নির্ধারিত তারিখের মধ্যে উল্লিখিত কাগজপত্র জমা না দিলে ভর্তি বাতিলপূর্বক আসন শূণ্য ধরে অপেক্ষমাণ তালিকা থেকে উক্ত শূণ্য আসন পূরণ করা হবে।** ভর্তি নিশ্চিতের সময় প্রার্থী অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির প্রমাণপত্র সাথে আনতে হবে।

| ক্র: | বিবরণ | সময়সূচি |
|---|---|---|
| ১. | **পছন্দক্রমের ফরম (Choice Form) পূরণ**<br>পূরণকৃত পছন্দক্রম (Choice Form) অনুযায়ী নিম্নে উল্লিখিত সময়সূচি অনুযায়ী ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন প্রক্রিয়া সম্পন্ন করা হবে। | ১৮-০১-২০২৬ থেকে ২৭-০১-২০২৬ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| ২. | ইউনিট অফিস কর্তৃক চূড়ান্ত মেধা তালিকা ও অপেক্ষমাণ তালিকা উল্লিখিত ভর্তির ওয়েবসাইটে প্রকাশ ও উক্ত তালিকার Printed Copy & Soft Copy শিক্ষা শাখায় প্রেরণ | ০২-০২-২০২৬ তারিখ, সোমবার |
| ৩. | মেধা তালিকা থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ | ০৫-০২-২০২৬ থেকে ১৬-০২-২০২৬ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| ৪. | অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য ধাপ-৩ এ উল্লিখিত নির্দেশনা অনুযায়ী শিক্ষা শাখায় সংশ্লিষ্ট কাগজপত্র জমা প্রদান | ১০-০২-২০২৬ থেকে ১৭-০২-২০২৬ তারিখ (সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৩:৩০ টা পর্যন্ত) সরকারি ছুটি, শুক্রবার ও শনিবার ব্যতীত |
| ৫. | শিক্ষার্থী কর্তৃক অনলাইনে মাইগ্রেশন বন্ধ প্রক্রিয়া সম্পন্নকরণ | ১৮-০২-২০২৬ থেকে ১৯-০২-২০২৬ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত |
| ৬. | ইউনিট অফিস কর্তৃক ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন তালিকা ও শূণ্য আসনের তালিকা উল্লিখিত ভর্তির ওয়েবসাইটে প্রকাশ | ২৩-০২-২০২৬ তারিখ, সোমবার |
| ৭. | অপেক্ষমাণ তালিকা থেকে ২য় ধাপে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা উল্লিখিত ভর্তির ওয়েবসাইটে প্রকাশ ও উক্ত তালিকার Printed Copy & Soft Copy শিক্ষা শাখায় প্রেরণ | ২৬-০২-২০২৬ তারিখ, বৃহস্পতিবার |
| ৮. | অপেক্ষমাণ তালিকা থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ | ০২-৩-২০২৬ থেকে ০৮-৩-২০২৬ তারিখ |

| ক্র: | বিবরণ | সময়সূচি |
|---|---|---|
| | | রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| ৯. | অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য ধাপ-৩ এ উল্লিখিত নির্দেশনা অনুযায়ী শিক্ষা শাখায় সংশ্লিষ্ট কাগজপত্র জমা প্রদান | ০৪-৩-২০২৬ থেকে ০৯-৩-২০২৬ তারিখ (সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৩:৩০ টা পর্যন্ত, শুক্রবার ও শনিবার ব্যতীত) |
| ১০. | শিক্ষার্থী কর্তৃক অনলাইনে মাইগ্রেশন বন্ধ প্রক্রিয়া সম্পন্নকরণ | ১০-৩-২০২৬ থেকে ১১-৩-২০২৬ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত |
| ১১. | ইউনিট অফিস কর্তৃক ভর্তিকৃত শিক্ষার্থীদের ২য় ধাপে মাইগ্রেশনের তালিকা ও শূন্য আসন সংখ্যা উল্লিখিত ভর্তির ওয়েবসাইটে প্রকাশ | ১৫-৩-২০২৬ তারিখ, রবিবার |
| ১২. | ২য় ধাপে ভর্তি নিশ্চিতকরণের পর আসন শূন্য থাকা সাপেক্ষে ভর্তির জন্য ইউনিট অফিসে **সশরীরে উপস্থিত ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের নিকট হতে আবেদনপত্র গ্রহণ** | ৩০-৩-২০২৬ তারিখ, সোমবার (সকাল ৯:০০ টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত) |
| ১৩. | ৩য় ধাপে মেধা তালিকা উল্লিখিত ভর্তির ওয়েবসাইটে প্রকাশ | ০১-৪-২০২৬ তারিখ, বুধবার |
| ১৪. | শূন্য আসনে ভর্তিচ্ছুক আবেদনকারী শিক্ষার্থীদের মেধা ও পছন্দক্রম অনুযায়ী অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ | ০৫-৪-২০২৬ থেকে ০৭-৪-২০২৬ তারিখ, রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| ১৫. | অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য ধাপ-৩ এ উল্লিখিত নির্দেশনা অনুযায়ী শিক্ষা শাখায় সংশ্লিষ্ট কাগজপত্র জমা প্রদান | ০৬-৪-২০২৬ থেকে ০৮-৪-২০২৬ তারিখ (সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৩:৩০ টা পর্যন্ত) |
| ১৬. | ক্লাস শুরু | ৪র্থ সপ্তাহ, এপ্রিল ২০২৬ |

**বি:দ্র:** ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যে কোনো পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**নির্দেশিকা :**

**পছন্দক্রমের ফরম (Choice Form) পূরণ, মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা থেকে আবেদন করার নিয়মাবলি:**

১. ভর্তির ওয়েবসাইট academic.juniv.edu ওয়েবসাইট থেকে Bachelor (Honours) বাটনে ক্লিক করে শিক্ষার্থীদের Admission Test Roll No. ও এইচ.এস.সি./সমমানের রেজিস্ট্রেশন (IGCSE/A Level এর ক্ষেত্রে এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বরের পরিবর্তে ভর্তি পরীক্ষার আবেদন করার সময় প্রদেয় মোবাইল নম্বর) দিয়ে লগইন করে অনলাইনে পছন্দক্রমের ফরম পূরণ (Choice Form) ও ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২. প্রদত্ত ওয়েবসাইটে লগইন করে "**আবেদন ফরম**" মেনুতে ক্লিক করে **অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে** ভর্তির জন্য নির্ধারিত ফি (১.২% সার্ভিস চার্জ প্রযোজ্য) প্রদান করতে হবে।

৩. অনলাইন আবেদন ফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করতে হবে এবং এস.এস.সি. ও এইচ.এস.সি./সমমান-এর **মূল সনদপত্র, নম্বরপত্র এবং ডোপ টেস্টের রিপোর্ট** (সকল সনদপত্র PDF/JPG ফরম্যাটে এবং ফাইল সাইজ ৮০০ KB এর বেশী নয়) স্ক্যান করে আপলোড করে **Submit** করতে হবে।

৪. আবেদনটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাচাই-বাছাই করবে এবং সকল তথ্য সঠিক থাকলে পরবর্তীতে আবেদনকারীর মোবাইলে এসএমএস-এর মাধ্যমে জানানো হবে।

**পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড:**

৫. এসএমএস পাওয়ার পর **academic.juniv.edu ওয়েবসাইট** থেকে **Bachelor (Honours)** বাটনে ক্লিক করে পুনরায় লগইন করে **"আবেদন ফরম ডাউনলোড"** মেনুতে ক্লিক করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড ও প্রিন্ট করে নির্ধারিত সময়সীমার মধ্যে নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাগজপত্রসহ শিক্ষা শাখায় জমা দিতে হবে।

**বি: দ্র: নেটওয়ার্ক সমস্যা/অন্য কোনো কারণে এসএমএস না পেলেও সকল তথ্য সঠিক থাকলে নির্ধারিত সময়ের মধ্যে লগইন করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করা যাবে।**

৬. ভর্তি সম্পর্কিত যে কোনো প্রয়োজনে ০১৩২৭৩৬১৮০১, ০১৩২৭৩৬১৮০২, ০১৭৫৩৯৮৭২৭৭ ও ০১৮৫০৮৭৭৩৩৩ মোবাইল নম্বরে (সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত) যোগাযোগ করা যাবে।

স্বাক্ষরিত/-(**সৈয়দ মোহাম্মদ আলী রেজা**)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি